

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোহার, ঢাকা।
<http://dohar.dhaka.gov.bd/>

স্মারক সংখ্যা: ০৫.৪১.২৬১৮.০০০.১৮.০০২.১৮- ২৬৮

তারিখ: ২৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: দোহার উপজেলার সকল সরকারি/ আধা সরকারি/ সরকারের মাধ্যমে পরিচালিত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণের সরকারের নিজস্ব ব্যবস্থাপনায় ইমেইল সেবা চালুকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলায় অন্তর্গত দোহার উপজেলার সকল সরকারি/ আধা সরকারি/ সরকারের মাধ্যমে পরিচালিত বিভিন্ন দপ্তরে ই-জিপি সিস্টেম এবং সংশ্লিষ্ট দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীগণের ইমেইল সেবা চালুকরণের জন্য সরকারি ডোমেইন এবং সরকারি ইমেইল থাকা একান্ত প্রয়োজন। বাংলাদেশে তথাকথিত gmail, yahoo, hotmail, ymail এবং আরও অন্যান্য বৈদেশিক ইমেইল সেবা চালু রয়েছে, যাতেকরে ইমেইল আদান-প্রদানে সকল তথ্যের কপি বিদেশে রয়ে যায় এবং তথ্য হ্যাকিং থেকে শুরুর করে কম-বেশী গুরুত্বপূর্ণ তথ্য বিদেশে পাচার হয়ে যায়। এতেকরে দেশের অর্থনীতি, সামাজিক উন্নয়ন, ব্যবসায়িক উত্থাপনে ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষতি সাধন হতে হতে একপর্যায়ে বড় ক্ষতির সম্ভাবনা রয়েছে। সরকারের ডোমেইন নেম রেজিস্ট্রেশন প্রক্রিয়ার মাধ্যমে দোহার উপজেলার জন্য www.dohardhaka.gov.bd ডোমেইন নেমটি ইতোমধ্যে রেজিস্ট্রেশন পাওয়া গেছে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) হতে ইমেইল সার্ভার চালু করা হয়েছে।

০২। ইমেইল খোলা, সার্বিক যোগাযোগ এবং প্রয়োজনীয় কার্যক্রমের জন্য জনাব মোঃ আবদুল্লাহ-আল-বায়াজীদ, উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর, দোহার, ঢাকা (মোবাইলঃ ০১৭১৩৮২২২২৮, ইমেইলঃ brtdoict@gmail.com) কে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। দোহার উপজেলার সকল সরকারি/ আধা সরকারি/ সরকারের মাধ্যমে পরিচালিত বিভিন্ন দপ্তরে ই-জিপি সিস্টেম এবং সেসকল দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীগণের ইমেইল সেবা চালুকরণের নিমিত্ত প্রত্যেকের আলাদাভাবে ০১ (এক) টি ইমেইল ঠিকানা খোলা এবং তথ্য আদান-প্রদানে সেই ইমেইল সেবা ব্যবহার করার জন্য সকল দপ্তরের দপ্তর প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।



(আফরোজা আক্তার রিবা)
উপজেলা নির্বাহী অফিসার
দোহার, ঢাকা।

ফোনঃ ০২-৭৭৬৮০০৬(অ)

ইমেইলঃ unodohar@gmail.com

উপজেলা কর্মকর্তা (সকল)
দোহার, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতি/ অবগতির এবং কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২) জনাব মোঃ আবদুল্লাহ-আল-বায়াজীদ, উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর, দোহার, ঢাকা।
- ৩) অফিস নথি।